



শিরোপার স্বপ্ন রাইকার্ডের চোখে

নিয়মিত ফুটবলের খোঁজ খবর
রাখেন অথচ রাইকার্ডকে চেনেনা
এমন লোক খুব কমই পাওয়া যাবে।
এক সময় ফুটবল মাঠ দাবড়ে

বেড়ানো এই ডাচ খেলোয়াড়টি বর্তমানে বার্সেলোনা ক্লাবের কোচ।
সম্প্রতি বার্সেলোনা ক্লাবের ওয়েবসাইটকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি
কথা বলেছেন দলের বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে।
নির্বাচিত অংশ লিখেছেন ফজলে রাব্বি রাজীব

*mg_ R̄t̄ i ḡt̄Z, Avgiv̄ ʷkt̄iv̄cv̄ R̄t̄qi
ðvic̄t̄š̄ t̄c̄t̄Q̄ t̄l̄m̄Q̄| Ḡ ēv̄c̄it̄i
Av̄cb̄vī Aw̄fḡZ̄ ʷK̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : দল নিয়ে সমর্থকরা
সন্তুষ্ট, এতে আমিও আনন্দিত। আমরা যেভাবে
এগুচ্ছি তা সত্যিই প্রশংসার দাবি রাখে। কিন্তু
আমাদের সামনে এখনো কয়েকটা গুরুত্বপূর্ণ
খেলা বাকি আছে। দলের সমর্থকদের প্রতি
আমার অনুরোধ, এতদিন তারা যেভাবে
আমাদের সমর্থন দিয়ে এসেছে তা যেন তারা
মৌসুমের শেষ পর্যন্ত অব্যাহত রাখে।

*t̄k̄t̄lī K̄t̄q̄K̄Ūv̄ ḡʷt̄P̄ ʷkt̄iv̄cv̄ h̄t̄Z̄
nv̄Z̄Q̄rov̄ br̄ n̄t̄q̄ h̄v̄q̄ t̄m̄ t̄ʷt̄t̄ī t̄K̄vb̄
ʷ K̄ t̄j̄v̄ ʷb̄t̄q̄ ʷet̄kl̄ f̄itē K̄v̄R̄ K̄iv̄ D̄w̄P̄Z̄
ēt̄j̄ Av̄cb̄vī ḡt̄b̄ n̄q̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : মাঠে দলের
পারফরমেন্সে আমি সন্তুষ্ট। প্রত্যেক ম্যাচ
শেষেই এমন কিছু বিষয় থেকে যায় যেগুলো
শুধুরে নেয়া উচিত। তবে গুরুত্বপূর্ণ ব্যাপার
হলো, খেলোয়াড়দের মধ্যে এই বিষয়টা
পরিষ্কার যে যখনই মাঠে নামবো আমাদের
খেলতে হবে দল হিসেবে। ভালো খেলার
পূর্বশর্তই হচ্ছে টিম এফোর্ট। এরপর আসে
প্রত্যেক খেলোয়াড়ের ব্যক্তিগত নৈপুণ্যের
বিষয়টি। প্রথম শর্তটি পূরণ করে একে
অপরের হয়ে খেলতে পারলে ম্যাচ জেতার
সম্ভাবনা বেড়ে যায় অনেকখানি। আবার
ব্যক্তিগত নৈপুণ্য যেকোনো বিশেষ মুহূর্তে
খেলার ভাগ্য গড়ে দিতে পারে।

c̄w̄P̄ ēQī ʷkt̄iv̄cv̄k̄ b̄ ʷK̄vī cī

*Āvēvī j̄m̄ t̄R̄Z̄vī D̄ʷj̄j̄ m̄ʷt̄eb̄v̄ t̄ ʷL̄
ʷ t̄q̄t̄Q̄| ʷb̄ð̄q̄B̄ K̄vē ēv̄ōw̄Z̄ P̄t̄cī ḡt̄ā
īt̄q̄t̄Q̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : হ্যাঁ, এবং এটা খুবই
স্বাভাবিক। আমাদের সামনে শিরোপা
জেতার একটা সুবর্ণ সুযোগ এসেছে। আমরা
ক্লাবের জন্য ইতিহাস গড়তে যাচ্ছি। এটা
আমাদের সবার জন্য প্রেরণা হিসেবে কাজ
করছে। এখন আমাদের লক্ষ্য শুধুই শিরোপা
জেতা।

*Av̄ḡt̄ ī m̄v̄d̄t̄j̄ ī ḡ t̄j̄ īt̄q̄t̄Q̄ ʷj̄x̄q̄
HK̄ ʷ| Ḡ ēv̄c̄it̄ī Av̄cb̄vī Aw̄fḡZ̄...*

ফ্রাঙ্ক রাইকার্ড : হ্যাঁ, এতে কোনো
সন্দেহ নেই। মৌসুমের শুরুতেই আমি
বলেছি সবচেয়ে প্রথমে আমাদের দলের মধ্যে
সমন্বয় গড়ে তুলতে হবে এবং এ কাজে
আমরা সফল হয়েছি। দলের খেলোয়াড়দের
মধ্যে চমৎকার বোঝাপড়া রয়েছে। দলের
সাফল্যের জন্য এটা খুবই জরুরি। দলে
একাধিক ভালো খেলোয়াড় থাকলেও তাদের
মধ্যে সমঝোতার অভাব থাকলে জয় পাওয়া
কঠিন হয়ে দাঁড়ায়। ফুটবলারদের জন্য ত্যাগ
স্বীকার করা খুবই জরুরি। আমি ভাগ্যবান
কারণ আমার ছেলেরা 'ত্যাগ' শব্দটার সঠিক
মানে জানে।

*Av̄R̄t̄K̄ t̄h̄ ēv̄t̄m̄ʷj̄v̄b̄t̄K̄ Arḡiv̄
t̄ ʷL̄w̄, Gī t̄c̄Q̄t̄b̄ īt̄q̄t̄Q̄ K̄t̄q̄K̄ ēQ̄t̄ī
AK̄v̄š̄ c̄wīk̄t̄j̄| Av̄c̄ib̄ ʷK̄ Gī m̄t̄½
ḠK̄ḡZ̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : অবশ্যই আমি এর সঙ্গে

একমত। আমি মনে করি, পুরনো খেলোয়াড়
যারা বহুদিন ধরে দলের সঙ্গে আছে তাদের
সঙ্গে নতুন এসে দ্রুত এখানকার পরিবেশে
নিজেদের মানিয়ে নেয়া খেলোয়াড়দের
সমন্বয়টা চমৎকার হয়েছে।

*t̄P̄j̄m̄ī K̄t̄Q̄ n̄vī t̄ḡš̄m̄t̄gī m̄ēt̄P̄t̄q̄
ēv̄t̄R̄ Aw̄f̄ÁZ̄v̄| Av̄cb̄vī Ab̄j̄f̄w̄Z̄ ʷK̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : এ হারটা ছিল খুবই
যন্ত্রণাদায়ক। দুই লেগেই আমরা দারুণ
খেলেছি কিন্তু নির্দিষ্ট কিছু ভুলের জন্য জয়
পাইনি। দল যেভাবে ঘুরে দাঁড়িয়েছিল তাতে
আমি খুশি। কিন্তু শেষের দিকে আমরা
একাধিক ভুল করি, যার খেসারত আমাদের
দিতে হয়েছে। তবে তার মানে এই নয়,
আমরা খারাপ খেলেছি। বিশেষ করে লডনে
আমরা অসাধারণ খেলেছি। খেলোয়াড়দের
উচিত এই ম্যাচগুলো থেকে শিক্ষা নেয়া।
আমার মনে হয় তারা তাদের ভুলগুলো
বুঝতে পেরেছে এবং ভবিষ্যতে যাতে এ
ধরনের ভুল আর না হয় সেজন্য তারা
প্রতিজ্ঞাবদ্ধ।

*Av̄M̄ḡx̄ t̄ḡš̄m̄t̄ḡ t̄K̄vb̄ t̄K̄vb̄ t̄ʷt̄t̄ī
D̄b̄w̄Z̄ K̄iv̄ c̄l̄q̄v̄R̄b̄ ēt̄j̄ ḡt̄b̄ K̄t̄ib̄?*

ফ্রাঙ্ক রাইকার্ড : এটাকে আমি উন্নতি
বলবো না। এ বছর আমরা কিছু অসাধারণ
ম্যাচ খেলেছি। এ ধারাবাহিকতা ধরে রাখতে
চাই। কিন্তু সব সময় সেরা খেলা উপহার
দেয়া সম্ভব হয় না। আমরা যখন ভালো
খেলি, যেকোনো দলের সঙ্গে লড়াই করার
মতো ক্ষমতা আমাদের আছে। কিন্তু পেছনের
দিকে তাকালে দেখা যায়, কোনো কোনো
ম্যাচে আমরা আমাদের সামর্থ্যের শতভাগ
মেলে ধরতে ব্যর্থ হয়েছি। নতুন মৌসুমে এ
ভুলগুলো শুধুরে নিতে চাই।

*m̄ēt̄P̄t̄q̄ t̄ēw̄k̄ D̄c̄t̄f̄v̄m̄ K̄t̄ib̄ K̄ʷēī
Ḡgb̄ t̄K̄t̄b̄v̄ ʷK̄Q̄ȳ..*

ফ্রাঙ্ক রাইকার্ড : দলের জন্য ভক্ত এবং
ক্লাব সদস্যদের আবেগ। তাই বার্সেলোনার
জার্সি গায়ে কেউ যখন মাঠে নামে তার
দায়িত্বও থাকে অনেক বেশি। সদস্যরা
সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত কেবল ক্লাব
নিয়েই মাথা ঘামায়। বার্সেলোনা তাদের
অহঙ্কার। এসব থেকে সহজেই ধারণা করা
যায় ক্লাবের ভবিষ্যৎ কতটা উজ্জ্বল।

Av̄ī GB̄ knī m̄ ʷK̄ʷK̄Q̄yēj̄p̄|

ফ্রাঙ্ক রাইকার্ড : আসলে চাকরিটাই
আমার কাছে গুরুত্বপূর্ণ বিষয়। এটা খুবই
সুন্দর শহর, আমার দারুণ পছন্দ হয়েছে।
তবে সবচেয়ে বেশি উপভোগ করছি এখানে
আমার কাজ, আমার চাকরি। যে উদ্দেশ্য
নিয়ে এখানে এসেছি আশা করি তা পূরণ
করতে সক্ষম হবো।